# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩১ তম পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ ডাঃ গাজী মিজানুর রহমান |
| সদস্য সচিব | ঃ অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস |
| ভেন্যু | ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা |
| তারিখ | ঃ ১৬ জুন ২০১৭, বিকাল ০৪.০০ টা |
| অংশগ্রহনকারীদের নাম | ঃ সংযুক্ত। |

গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং অদ্যকার সভার সভাপতি ডাঃ **গাজী মিজানুর রহমান** সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে আজকের সভার কার্যক্রম শুরু করেন। তিনি কলেজের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনায় বিশেষ সহায়তা করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। অদ্যকার সভায় সভাপতি মহোদয় নতুন কমিটির রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি অধ্যাপক ড. এম খলিলুর রহমান খান এবং স্বাস্থ্য মন্ত্রণালয় প্রতিনিধি বেগম বদরুন নেছা, অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) কে ফুলেল শুভেচ্ছা জানান।

সভায় উপস্থিত সকলে তাদের নিজ নিজ পরিচয় প্রদান করেন।

**আলোচ্য বিষয়সমূহঃ**

পর্ষদের সদস্য ও সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ বঙ্গ কমল বসু সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনার গুরুত্বপূর্ণ অংশের সারসংক্ষেপ নিম্নে উপস্থাপিত হলো-

**এজেন্ডা ০১ঃ পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন**

পূর্ববর্তী রেজুলেশন পাঠ করে এর অগ্রগতী নিয়ে বিষদ আলোচনা করে কোন ধরনের পরিবর্তন না করে পর্ষদ তা অনুমোদন করে।

**এজেন্ডা ০২ঃ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের বাজেট সম্পর্কিত**

বর্তমানে কলেজের আয়ের থেকে খরচ বেশি থাকায় বাজেট-এ ঘাটতি রয়েছে। সভায় বলা হয় ধীরে ধীরে কলেজের আয় থেকে এই ঘাটতি পূরণ করা হবে। পরবর্তীতে সর্বসম্মতিক্রমে এই বাজেট অনুমোদন করা হয়।

**এজেন্ডা ০৩ঃ ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি সম্পর্কিত**

নিম্নলিখিত তথ্য উপাত্তসমূহ সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা করা হয়-

**ক) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সংক্রান্তঃ**

গাজী মেডিকেল কলেজের মোট অনুমোদিত আসন সংখ্যা ১০০ টি যার মধ্যে ৪৫ টি আসনে দেশী ছাত্র-ছাত্রী ০৫ টি আসন অস্বচ্ছল ও মেধাবী ছাত্র-ছাত্রী দের জন্য এবং বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য ৫০ টি আসন বরাদ্দের অনুমোদন রয়েছে।

২০১৬-১৭ শিক্ষাবর্ষে মোট ১০০ টি আসনের বিপরীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী সংখ্যা ৯১ জন যার মধ্যে ছাত্র- ৪০ জন, ছাত্রী - ৫১ জন। মোট ভর্তিক্রত দেশী ছাত্র-ছাত্রী সংখ্যা ৪৫ জন তন্মোধ্যে ছাত্র - ১৮ জন এবং ছাত্রী - ২৭ জন। অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ০৩ জন যাদের সবাই ছাত্রী। ২০১৬-১৭ শিক্ষাবর্ষে বিদেশী কোটায় ভর্তিক্রত বিদেশি ছাত্র-

ছাত্রীর সংখ্যা ৩৮ জন যার মধ্যে ভারতীয় ৩৪ জন (ছাত্র-১৭ জন, ছাত্রী-১৭ জন) এবং নেপালী - ০৪ জন (ছাত্র- ০৩ জন, ছাত্রী- ০১ জন)। যেহেতু বিদেশী কোটা পূরণ করা সম্ভব হয়নি তাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিয়ম অনুসারে বিদেশী কোটায় দেশী ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে ০৫ জন যার মধ্যে ছাত্র- ০২ জন এবং ছাত্রী- ০৩ জন।

এখানে উল্লেখ থাকে যে, বিগত ২৩/১২/২০১৬ ইং তারিখ শুক্রবার সকাল ১০.০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মনোনীত প্রতিনিধি অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) জনাব সালমা আখতার জাহান এবং স্বাস্থ্য অধিদপ্তরের মনোনীত প্রতিনিধি সহকারী পরিচালক (চিকিৎসা শিক্ষা) জনাব ডাঃ মোঃ এমদাদুল হক এর উপস্থিতিতে অস্বচ্ছল ও মেধাবী কোটায় আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের সকল কাগজ পত্রাদি যাচাই-বাছাই এবং ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকগনের সাক্ষাৎকার গ্রহন সাপেক্ষে ০৫ জন ছাত্র-ছাত্রীকে ভর্তির জন্য নির্বাচিত করা হয়। উক্ত ০৫ জনের মধ্যে ০৩ জন ছাত্রী ভর্তি হয়েছে এবং অপর ০২ জন ভর্তি হয়নি।

**খ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি সম্পর্কিতঃ**

পর্ষদ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য দুটি ভর্তি কমিটি গঠনের অনুমোদন দেয়। পর্ষদ সাধারন ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ১ম কমিটিতে পূর্ববর্তী বছরের কমিটির মত কলেজের চেয়ারম্যান মহোদয়কে সভাপতি করে অধ্যক্ষ এবং পরিচালনা পর্ষদের একাডেমিক কার্যক্রমের সাথে জড়িত দুইজন সদস্যকে নিয়ে কমিটি গঠনের অনুমতি প্রদান করে। গরীব মেধাবী কোটায় ভর্তির জন্য ২য় কমিটি মন্ত্রনালয় প্রতিনিধিসহ ১ম কমিটির সদস্যদের নিয়ে গঠিত হবে এবং উক্ত কমিটিতে মন্ত্রণালয় প্রতিনিধি হিসাবে সহকারি সচিব (জনাব বেগম বদরুন নেছা) উপস্থিত থাকবেন বলে সম্মানিত সদস্য জানান।

**এজেন্ডা ০৪ঃ কলেজের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের সামগ্রিক কর্মকান্ডের পর্যালোচনা**

**ক) প্রাতিষ্ঠানিক (শিক্ষা কার্যক্রম) উন্নয়নঃ**

১. ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত বিভিন্ন বৃত্তিমূলক পরীক্ষায় অত্র কলেজের ফলাফল ঃ

| পরীক্ষার সাল | পরীক্ষার নাম | পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা | পাশের হার |
|---|---|---|---|---|
| জানুয়ারী/ ২০১৬ (সাপলিমেন্টারী) | ১ম বৃত্তিমূলক এমবিবিএস | ২ | ২ | ১০০% |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস | ২৬ | ১৮ | ৬৯.২% |
| | | | | |
| মে/২০১৬ | ১ম বৃত্তিমূলক এমবিবিএস (জি-৪) | ৮২ | ৫১ | ৬২.২% |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস (জি-৩) | ৪৫ | ৩৭ | ৮২.২% |
| | | | | |
| জুলাই/২০১৬ | ২য় বৃত্তিমূলক এমবিবিএস (জি-২) | ৬৫ | ৪২ | ৬৪.৬% |
| | | | | |
| নভেম্বর/ ২০১৬ (সাপলিমেন্টারী) | ১ম বৃত্তিমূলক এমবিবিএস | ৪৫ | ২২ | ৪৮.৯% |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস | ২৬ | ২২ | ৮৪.৬% |
| | | | | |
| জানুয়ারী/ ২০১৭ | ২য় বৃত্তিমূলক এমবিবিএস | ২৭ | ২৫ | ৯২.৬% |
| | শেষ বৃত্তিমূলক এমবিবিএস | ৩০ | ১৯ | ৬৩% |
| | | | | |
| মে/২০১৭ | ১ম বৃত্তিমূলক এমবিবিএস | ১১৬ | পরীক্ষা চলছে | |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস | ৬৮ | | |
| | ৩য় বৃত্তিমূলক এমবিবিএস | ৫৩ | | |

২. কলেজ নিয়মিতভাবে বিভিন্ন ধরনের সেমিনার ও সিম্পজিয়াম আয়োজন করে চলেছে। যার মধ্যে সাপ্তাহিক সায়িন্টিফিক সেমিনার, মাসিক ইন্টিগ্রেটেড সেমিনার উল্লেখযোগ্য। এছাড়া বিভিন্ন সময়ে বিষয়ভিত্তিক সেমিনার আয়োজন করা হয়।

৩. অভিভাবক সভাঃ ছাত্র-ছাত্রীদের ক্লাশে উপস্থিতি ও পরীক্ষায় ভালো ফলাফলের নিমিত্তে নিয়মিত অভিভাবক সভা, ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধকরণ মিটিং আয়োজন করা হয়েছে। এমনকি তাদের ফলাফল এবং ক্লাশের উপস্থিতি

মোবাইল ফোনের মাধ্যমে তাদের অভিভাবকদের অবহিত করা হয়। সাথে সাথে অভিভাবকদের চিঠির মাধ্যমে অবহিত করা হয়।

৪. কলেজের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসরণ করে প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক জনবল নিয়োগ করা হয়।

খ) অবকাঠামোগত উন্নয়নঃ

১. কলেজ ক্যাম্পাস তৈরির জন্য KDA প্লান পাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে।

২. সার্জারি বিভাগের জন্য আলাদা আরো একটি ওয়ার্ড তৈরি করা হয়েছে।

৩. মেডিসিন বিভাগের ওয়ার্ড ক্লাস সুষ্ঠুভাবে নেয়ার জন্য আরো একটি ক্লাশরুম তৈরি করা হয়েছে।

গ) অর্থনৈতিক উন্নয়নঃ

কলেজের অর্থনৈতিক অবস্থা এখন পর্যন্ত স্থিতিশীল নয় কারন কলেজের উন্নয়নকল্পে যে ধরনের কাজ করা হয় তা ব্যাংক রিনের দ্বারা পরিচালিত।

ঘ) সামজিক উন্নয়নঃ

১. গাজী মেডিকেল কলেজ হাসপাতাল প্রতি সপ্তাহে একটি করে ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালিত হচ্ছে।

২. এছাড়াও কলেজের শিক্ষা কার্যক্রম আরো সহজ করার জন্য কয়েক ধরনের অস্ত্রপাচার ফ্রি করা হয়েছে।

৩. কলেজের ষান্মাসিক জার্নাল 'মেডিস্কোপ' এর ৫ম সংখ্যা প্রকাশ করা হয়েছে।

৪. ডিসেম্বর ২০১৫ তারিখ শুরু হওয়া গাজী মেডিকেল কর্তৃক প্রকাশিত হওয়া স্বাথ্য বার্তা "হেলথ বুলেটিন" এই এলাকার মানুষের মধ্যে দারুন সাড়া ফেলেছে। প্রকাশনাটির ১৫ তম সংখ্যা প্রকাশিত হয়েছে।

ঙ) সাংস্কৃতিক উন্নয়নঃ

১. স্বরস্বতী পূজা-২০১৭ঃ

অত্যন্ত আনন্দ উদ্দীপনার মধ্যে স্বরস্বতী পূজা-২০১৭ উদযাপিত হয়েছে। সকালে পূজা দিয়ে প্রসাদ বিতরণ করা হয়। দুপুরে প্রায় ১৭০০ লোকের খাদ্যদ্রব্য বিতরণ করা হয়। সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পূজার অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করা হয়।

২. একুশে ফেব্রুয়ারী ও স্বাধীনতা দিবস ঃ

একুশে ফেব্রুয়ারী ও স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে কলেজ কর্তৃপক্ষ র‍্যালি, পুষ্পমাল্য অর্পণ ও আলোচনা সভার আয়োজন করে।

এজেন্ডা ০৫ঃ বিবিধ

১. ক্যান্সার চিকিৎসায় অভূতপূর্ব সাফল্যের জন্য এর প্রতিষ্ঠাতা এবং জাতীয় ক্যান্সার হাসপাতালের সাবেক পরিচালক প্রফেসর ডাঃ ওবায়দুল্লাহ বাকি কে অভিনন্দন জানানো হয়। সভাপতি মহোদয় বাংলাদেশের মত তৃতীয় বিশ্বের একটি দেশের এরকম বিস্ময়কর সাফল্যের জন্য তাকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রফেসর ডাঃ বাকি সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ করেন যদি কোন Critical ক্যান্সারের রোগী থাকে তাহলে তিনি নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগের অনুরোধ করেন- প্রফেসর ডাঃ ওবায়দুল্লাহ-ফেরদৌসি ফাউন্ডেশন ক্যান্সার হসপিটাল এ্যান্ড রিসার্চ

ইন্সস্টিটিউট, পাইককান্দি, গোপালগঞ্জ, মোবাইল-০১৭১১৩১০৫৩৪। ফাতেমা রহমান মেমোরিয়াল ক্যান্সার হসপিটাল এ্যান্ড রিসার্চ ইন্সস্টিটিউট, ৪১৩/১, দক্ষিণ পাইকপাড়া লেক ভিউ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, মোবাইল-০১৭১০৯৪১১৯৯।

২. ছাত্র-ছাত্রীদের ক্লাসে উপস্থিতির উপর নির্ভর করে তাদের জ্ঞানার্জন এবং একজন ভালো ডাক্তার হওয়া। সভায় এই বিষয়ের উপর আলোকপাত করে কিভাবে তাদের সর্বোচ্চ ক্লাসে উপস্থিক করানো যায় সে ব্যবস্থা নেয়ার জন্য কলেজ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। প্রয়োজনে অনুপস্থিতির জন্য জরিমানা বৃদ্ধি করে এবং অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করারও সুপারিশ করা হয়। সাথে সাথে ঝরে পড়া ছাত্র-ছাত্রীদের বিষয়ে আরো সজাগ দৃষ্টি রাখার জন্য সুপারিশ করা হয়।

৩. বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। আলোচনায় ভর্তির বিষয়ে বিভিন্ন ধরনের সমস্যা উঠে আসে যার মধ্যে বিদেশী ছাত্র-ছাত্রীর ভর্তির সময়সীমা গুরুত্বপূর্ণ। সভাপতি মহোদয় মন্ত্রণালয় প্রতিনিধিকে ভারত ও নেপালের মেডিকেল কাউন্সিল এর এন্ট্রান্স পরীক্ষার সময় হিসাব করে তাদের বাংলাদেশে ভর্তির সময়সীমা নির্ধারনের অনুরোধ করেন।

৪. বাংলাদেশে স্বাস্থ্য শিক্ষার অন্যতম প্রধান অন্তরায় হলো পোষ্ট গ্রাজুয়েট সম্পন্ন করা শিক্ষক। পর্ষদ মন্ত্রণালয়ের প্রতিনিধির মাধ্যকে মাননীয় মন্ত্রীকে পোষ্ট গ্রাজুয়েট আসনসংখ্যা বৃদ্ধির অনুরোধ করেন।

**সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায়. সভাপতি মহোদয় এবং সদস্য সচিব মহোদয় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।**

**অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস**
সদস্য সচিব, পরিচালনা পর্ষদ এবং
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ

**ডাঃ গাজী মিজানুর রহমান**
সভাপতি, পরিচালনা পর্ষদ এবং
চেয়ারম্যান, গাজী মেডিকেল কলেজ

উপস্থিতিঃ

পরিচালনা পর্ষদের ১৫ জন সদস্যদের মোট ১২ জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরুপ:

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | ডাঃ গাজী মিজানুর রহমান | চেয়ারম্যান |
| ২ | মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৩ | অধ্যাপক ড. এম খলিলুর রহমান খান | রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি |
| ৪ | বেগম বদরুন নেছা<br>অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) | স্বাস্থ্য মন্ত্রণালয় প্রতিনিধি |
| ৫ | অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৬ | অধ্যাপক ডাঃ মোঃ লস্কর শওকতউজ্জামান | শিক্ষক প্রতিনিধি |
| ৭ | জাকিয়া সুলতানা | অভিভাবক প্রতিনিধি |
| ৮ | মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ৯ | অধ্যাপক ডাঃ মোল্লা ওবায়েদুল্লাহ বাকী | বিদ্যোৎসাহী সদস্য |
| ১০ | ডাঃ বঙ্গ কমল বসু | বিদ্যোৎসাহী সদস্য |
| ১১ | ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিশেষজ্ঞ প্রতিনিধি |
| ১২ | অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস<br>অধ্যক্ষ (দায়িত্বপ্রাপ্ত) | সদস্য সচিব |